



**2022/TDC/ODD/SEM/  
BNGHCC-102T/359**

**TDC (CBCS) Odd Semester Exam., 2022**

**BENGALI**

**( Honours )**

**( 1st Semester )**

Course No. : BNGHCC-102T

( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্স্বছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

**UNIT—I**

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কে, কত খ্রিস্টাব্দে 'চর্যাপদ'-এর পুথি আবিষ্কার করেন?

(খ) 'চর্যাপদ'-এর প্রথম পদটি কার রচিত? 'চর্যাপদ'-এর পুথিতে তাঁর কয়টি পদ গৃহীত হয়েছে?

(গ) হরপ্রসাদ শাস্ত্রী কতবারের চেষ্টায় 'চর্যাপদ' আবিষ্কার করেন? 'চর্যাপদ'-এর তেত্রিশ সংখ্যক পদটির রচয়িতার নাম লেখো।



( 2 )

( 3 )

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

UNIT—III

- (ক) 'চর্যাপদ'-এ সমকালীন সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- (খ) চাটিল বা চাটিলপাদের পাঁচ সংখ্যক পদের মর্মার্থ বিশ্লেষণ করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

- (ক) চৈতন্য-পূর্ববর্তী যুগের দুজন বিশিষ্ট বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- (খ) “এ বুক চিরিয়া যবে বাহির করিব গো  
তবে তো শ্যাম মধুপুরে যাবে ॥”  
পদটির পদকর্তা কে? পদটি কোন রস পর্যায়ের অন্তর্গত?
- (গ) ভাবসম্মিলন পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাকে কী অভিধায় ভূষিত করা হয়?

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

- (ক) মুকুন্দ চক্রবর্তীর গৃহদেবতা কে ছিলেন? কবি মুকুন্দ কার আদেশে কাব্য রচনা করেন?
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদিকবি কে? কোন যুদ্ধে কালকেতু বন্দি হয়েছিলেন?
- (গ) “ধর্মকেতু ডায়া সনে কৈলু লেনা দেনা।  
তাহ্য হইতে ডাইপো হয়্যাছ সেযানা ॥”  
উক্তিটি কার? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) মুকুন্দ চক্রবর্তীর কাব্য অবলম্বনে ডাডু দত্ত ও মুরারী শীল চরিত্র দুটি বিশ্লেষণ করো।
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্য যথার্থ অর্থে ষোড়শ শতকের অহির সমাজ-পরিবেশের দলিল। মুকুন্দ চক্রবর্তীর কাব্য অবলম্বনে বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

UNIT—IV

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) 'পূর্বরাগ' বলতে কী বোঝায়? বৈষ্ণব পদাবলীতে পূর্বরাগের শ্রেষ্ঠ কবি সম্পর্কে আলোচনা করো।
- (খ) অভিসারের সংজ্ঞা দাও। এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

- (ক) বাংলায় চৈতন্য-চরিত্রসাহিত্যের আদি লেখক কে? তাঁর কাব্যের নাম কী?
- (খ) বৃন্দাবনদাস চৈতন্যদেবকে ও নিত্যানন্দকে কী রূপে দেখেছেন?
- (গ) শ্রীচৈতন্যদেব কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন?



৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) ‘চৈতন্যলীলার ব্যাস বৃন্দাবনদাস’—‘চৈতন্যভাগবত’ গ্রন্থ অবলম্বনে এই অভিধার যথার্থতা নিরূপণ করো।
- (খ) ‘চৈতন্যভাগবত’ কাব্য অবলম্বনে তৎকালীন নবদ্বীপের সমাজ-সংস্কৃতির বিষয়ে আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

- (ক) কে, কোন্ শাক্তপদকর্তাকে ‘কবিরঞ্জন’ উপাধিতে ভূষিত করেন?
- (খ) “ওরে নবমী নিশি না হইও রে অবসান।”  
উদ্ধৃত কবিতাংশটি ‘শাক্তপদাবলীর কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত? উক্ত পদের রচনাকারের নাম লেখো।
- (গ) শাক্তপদাবলীর প্রধান রস কী? শাক্তপদাবলীতে পর্যায় কয়টি?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) মাতৃহৃদয়ের ব্যাকুলতা প্রকাশে শাক্তপদকর্তাদের কৃতিত্ব পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো।
- (খ) শাক্তপদাবলীর কবি রামপ্রসাদ সেনের কবি-কৃতিত্ব তোমার পঠিত পদগুলো অবলম্বনে আলোচনা করো।

\*\*\*